# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০২৮

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সালাতুল জানাযা ও মৃত ব্যক্তির জন্য শাফাআতের পদ্ধতি।

## باب مَا جَاءَ فِي الصَّلاَةِ عَلَى الْجَنَازَةِ وَالشَّفَاعَةِ لِلْمَيِّتِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، وَيُونُسُ بْنُ بُكَيْرٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ مَرْثَدِ بْنِ عَبْدِ اللَّهِ الْيَزَنِيِّ، قَالَ كَانَ مَالِكُ بْنُ هُبَيْرَةَ إِذَا صَلَّى عَلَى جَنَازَةٍ فَتَقَالَّ النَّاسَ عَلَيْهَا جَزَّأَهُمْ ثَلاَثَةَ أَجْزَاءٍ ثُمَّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ صَلَّى عَلَيْهِ ثَلاَثَةُ صُفُوفٍ فَقَدْ أَوْجَبَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأُمِّ حَبِيبَةَ وَأَبِي هُرَيْرَةَ وَمَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ مَالِكِ بْنِ هُبَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ هَكَذَا رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ . وَرَوَى إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ هَذَا الْحَدِيثَ وَأَدْخَلَ بَيْنَ مَرْثَدٍ وَمَالِكِ بْنِ هُبَيْرَةَ رَجُلاً . وَرِوَايَةُ هَؤُلاَءِ أَصَحُّ عِنْدَنَا .

বাংলা

১০২৮. আবূ কুরায়ব (রহঃ) ...... মারছাদ ইবনু আবদুল্লাহ আল ইয়াযানী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, মালিক ইবনু হুবায়রা (রাঃ) যখন সালাতুল জানাযায় যেতেন তখন লোক সংখ্যা কম হলে তাদেরকে তিন ভাগে বিভক্ত করতেন। বলতেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিন কাতার লোক যার সালাতুল জানাযা আদায় করেছেন তার জন্য (জান্নাত) ওয়াজিব করে নিয়েছে। - আহকামুল জানাইয ১২৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১০২৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, উম্মু হাবীবা, আবূ হুরায়রা উন্মুল মু'মিনীন মায়মূনা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ঈসা রহঃ বলেন, মালিক ইবনু হুরায়রা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। এইভাবেই একাধিক রাবী এটিকে মুহাম্মাদ ইবন ইসহাক রহঃ থেকে বর্ণনা করেছেন। ইব্রাহীম ইবন সা'দ হাদিসটিকে মুহাম্মাদ ইবন ইসহাক রহঃ থেকে রিওয়ায়াত করেছেন। কিন্তু এতে মারছাদ ও মালিক ইবন হুরায়রা (রাঃ) এর মাঝে আরেক ব্যাক্তির উল্লেখ করেছেন। আমার কাছে এদের রিওয়ায়াতটিই অধিকতর সহিহ।

## English

Marthan bin Abdullah Al-Yazani narrated:
"When Malik bin Hubairah performed Salat for a funeral and the people were few he would divide them into three groups (rows) then say: 'The Messenger of Allah said: "For whomever three rows perform Salat, then it is granted."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মারসাদ ইবনু ‘আবদুল্লাহ্ ইয়াযানী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18217

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন